

সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. আহলে কিতাবের পানি দিয়ে উযু করা

بَابُ الْوُضُوءِ بِمَاءِ أَهْلِ الْكِتَابِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الْبُوشَنجِي ، نَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ ، قَالَ : حَدَّثُونَا ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ ، عَنْ أَبِيهِ ، قَالَ : لَمَّا كُنَّا بِالشَّامِ أَتَيْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ بِمَاءٍ فَتَوَضَّأَ مِنْهُ ، فَقَالَ : مِنْ أَيْنَ جِئْتَ بِهَذَا الْمَاءِ ؟ مَا رَأَيْتُ مَاءً عَذْبًا وَلَا مَاءً سَمَاءً أَطْيَبَ مِنْهُ ! قَالَ : قُلْتُ : جِئْتُ بِهِ مِنْ بَيْتِ هَذِهِ الْعَجُوزِ النَّصْرَانِيَّةِ فَلَمَّا تَوَضَّأَ أَتَاهَا ، فَقَالَ : أَيُّهَا الْعَجُوزُ أَسْلَمِي تَسْلَمِي بَعَثَ اللَّهُ مُحَمَّدًا - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِالْحَقِّ ، قَالَ : فَكَشَفْتُ ، عَنْ رَأْسِهَا ، فَإِذَا مِثْلُ الثَّغَامَةِ ، فَقَالَتْ : عَجُوزٌ كَبِيرَةٌ ، وَإِنَّمَا أَمُوتُ الْآنَ . فَقَالَ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ : اللَّهُمَّ اشْهَدْ

বাংলা

৫৯(১). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) য়ায়েদ ইবনে আসলাম (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা সিরিয়ায় অবস্থানকালে উমার ইবনুল খাতাব (রাঃ)-এর নিকট আমি পানি নিয়ে আসলাম। তিনি তা দিয়ে উযু করলেন। অতঃপর বলেন, তুমি কোথা থেকে এ পানি এনেছ? আমি এ রকম উত্তম পানি কখনো দেখিনি, না বৃষ্টির পানি, না মিষ্টি পানি। তিনি বলেন, আমি বললাম, এই খৃস্টান বৃদ্ধার ঘর থেকে উজ্জ পানি এনেছি। তিনি উযু শেষে তার নিকট এসে বলেন, হে বৃদ্ধা! ইসলাম গ্রহণ করো, শান্তি পাবে। আল্লাহ তায়ালা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সত্য দীনসহ পাঠিয়েছেন। রাবী বলেন, বৃদ্ধা তার মাথা খুলে দিলে দেখা গেল, তার মাথার চুল সাদা হয়ে গিয়েছে। বৃদ্ধা বলল, আমি খুনখুনে বৃদ্ধা, বয়স অনেক হয়েছে, আমার মৃত্যুর সময় এখনই আসছে। উমার (রাঃ) বলেন, হে আল্লাহ! তুমি সাক্ষী থাকো।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ য়ায়েদ ইবনু আসলাম (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=79848>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন